রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৫, ২০১৭

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
**গণকবাড়ি, সাভার, ঢাকা-১৩৪৯**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২২ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-৭৪-আইন/২০১৭।**—ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি আইন, ২০১০ (২০১০ সনের ১০ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, সরকারের পূর্বানুমোদনক্রমে, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রবিধানমালার তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

**তফসিল**

**[প্রবিধান ২ (৮) দ্রষ্টব্য]**

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; |



**মূল্য** ঃ টাকা ১২.০০

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | (খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ): <br> তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; <br> (গ) জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রি ও সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত গবেষণা বা সমমানের প্রতিষ্ঠানে পি.এইচ.ডি. পরবর্তী অন্যূন ১০ (দশ) বৎসরের গবেষণার অভিজ্ঞতা; এবং <br> (ঘ) জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বৈজ্ঞানিক জার্নালে অন্যূন ৫ (পাঁচ) টি গবেষণা প্রকাশনাসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত পদে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ২। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | ৪০ বৎসর | (ক) ৮০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং <br> (খ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**</u> <br> ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। <br> <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**</u> <br> (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; <br> (খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ): <br> তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | (গ) জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রি ও সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত গবেষণা বা সমমানের প্রতিষ্ঠানে পি.এইচ.ডি. পরবর্তী অন্যূন ৫ (পাঁচ) বৎসরের গবেষণার অভিজ্ঞতা; এবং<br>(ঘ) জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বৈজ্ঞানিক জার্নালে অন্যূন ৪ (চার)টি গবেষণা প্রকাশনাসহ ৯ম গ্রেডভুক্ত পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৩। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩৭ বৎসর | (ক) ৭০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে ঃ</u>**<br>বৈজ্ঞানিক কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রি অথবা জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; এবং<br>(ঘ) জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বৈজ্ঞানিক জার্নালে অন্যূন ২ (দুই)টি গবেষণা প্রকাশনা। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৪। | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর (থিসিসসহ) ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না। |
| ৫। | সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল স্নাতক ডিগ্রি; এবং<br>(খ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক ডিগ্রি পর্যন্ত সকল পরীক্ষায় ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)। |
| ৬। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ উচ্চমান সহকারী পদে অন্যূন ০৯ (নয়) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ২ (দুই)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) প্রশাসনিক কাজে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৭। | হিসাব কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>হিসাবরক্ষক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফিন্যান্স বা হিসাববিজ্ঞানে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ২ (দুই)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ);<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) হিসাব সংক্রান্ত কাজে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৮। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরি এসিস্ট্যান্ট পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ২ (দুই)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ);<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৯। | মেডিকেল অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি; এবং<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে এমবিবিএস ডিগ্রি পর্যন্ত অন্যূন ২ (দুই) টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না। |
| ১০। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রকৌশল (সিভিল) বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না। |
| ১১। | জুনিয়র এক্সপেরিমেন্টাল অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সায়েন্টিফিক এসিস্ট্যান্ট পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞানে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ০১ (এক)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১২। | সিনিয়র টেকনিশিয়ান | - | পদোন্নতির মাধ্যমে | টেকনিশিয়ান পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৩। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>হিসাব সহকারী পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ১ (এক)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপ এ যথাক্রমে অন্যূন ২০ ও ২৫ শব্দের গতিসহ কোনো স্বীকৃতি প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঘ) হিসাব সংক্রান্ত কাজে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৪। | সায়েন্টিফিক এসিস্ট্যান্ট | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সায়েন্টিফিক এসিস্ট্যান্ট-২ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞানে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরির অভিজ্ঞতা;<br>অথবা,<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে জীববিজ্ঞানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং স্বীকৃত জীবপ্রযুক্তি প্রতিষ্ঠানে সায়েন্টিফিক এসিস্ট্যান্ট বা সমমানের পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; এবং<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ১ (এক)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না। |
| ১৫। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ১ (এক)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপ এ যথাক্রমে অন্যূন ২০ ও ২৫ শব্দের গতিসহ কোনো স্বীকৃতি প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৬। | লাইব্রেরী এসিস্ট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে ১ম শ্রেণি, বিভাগ বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না। |
| ১৭। | কম্পিউটার অপারেটর | "The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985" অনুযায়ী। | | |
| ১৮। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u>**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি পর্যন্ত অন্যূন ১ (এক)টি ১ম বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ):<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না।<br>(গ) বাংলা ও ইংরেজী টাইপ এ যথাক্রমে অন্যূন ২০ ও ২৫ শব্দের গতিসহ কোনো স্বীকৃতি প্রতিষ্ঠান হইতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১৯। | টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন ২য় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২০। | সায়েন্টিফিক এসিস্ট্যান্ট-২ | ৩০ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ল্যাবরেটরি এটেনডেন্ট পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞানে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) গ্রহণযোগ্য হইবে না। |
| ২১। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | "নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩" এর নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার-মুদ্রাক্ষরিক পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী, তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| ২২। | লাইব্রেরী এটেনডেন্ট | ৩০ বৎসর | (ক) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | সিকিউরিটি এটেনডেন্ট | ৩০ বৎসর | (ক) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সুঠাম দেহের অধিকারী। |

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২৪ | কেয়ারটেকার | "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৫ | ড্রাইভার | "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৬ | লিফট অপারেটর | "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৭ | জেনারেল এটেনডেন্ট | "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৮ | গার্ডেন এটেনডেন্ট | "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ২৯ | সেনেটারি এটেনডেন্ট | "আউটসোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

ইনস্টিটিউটের আদেশক্রমে

**ড. মো. সলিমুল্লাহ**

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd